

7857 - যদি ঈদের দিন জুমাবারে পড়ে তাহলে করণীয় কি?

প্রশ্ন

যদি ঈদের দিন জুমাবারে আসে তাহলে আমার জন্য কি শুধু ঈদের নামায পড়া ও জুমার নামায না-পড়া জায়েয হবে? কিংবা উল্টোটা জায়েয হবে?

প্রিয় উত্তর

যদি ঈদের দিন জুমাবারে পড়ে তাহলে যে ব্যক্তি ইমামের সাথে ঈদের নামায পড়েছে তার জন্য জুমার নামাযে হাযির হওয়ার ফরযিয়ত (আবশ্যিকতা) মওকুফ হয়ে যাবে; তবে তার জন্য সুন্নতের বিধান বহাল থাকবে। সে ব্যক্তি যদি জুমার নামাযে হাযির না হয় তার জন্য যোহরের আদায় করা ফরয। পূর্বোক্ত বিধান যে ব্যক্তি ইমাম নয় তার ক্ষেত্রে প্রযোজ্য। আর ইমামের জন্য জুমার নামাযে হাযির হওয়া এবং তার সাথে অন্য যে সকল মুসলমান হাযির হয়েছে তাদেরকে নিয়ে জুমার নামায প্রতিষ্ঠা করা ফরয। এমন দিনে জুমার নামায চূড়ান্তভাবে বাদ দেয়া যাবে না।